DEC. 7 2000

তারিখ ...

পৃষ্ঠা ...১... কলাম ...৮...

ভোরের কাগজ

118

চ.বি.তে দুই সহকারী প্রোক্টর লাঞ্ছিত

# ছাত্রঐক্য-পুলিশ ব্যাপক সংঘর্ষে আহত ১২

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল সকালে গণতান্ত্রিক ছাত্রঐক্য ও পুলিশের মধ্যে ব্যাপক সংঘর্ষে ১২ জন ছাত্রছাত্রী আহত হয়েছে। গুরুতর আহত ছাত্রঐক্য নেতা মিজানুর রহমান রিটু এবং মহিউদ্দিন মহিকে চ.বি. মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হয়েছে। এ ঘটনার সময় ছাত্রঐক্যের কর্মীরা দুই সহকারী প্রোক্টর ড. শফিকুর রহমান ও ড. আলী আশরাফকে লাঞ্ছিত করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

স্বৈরাচার পতন দিবস উপলক্ষে গতকাল চ.বি. ক্যাম্পাস ছাত্র ইউনিয়ন এবং ছাত্রফ্রন্ট নেতৃত্বাধীন গণতান্ত্রিক ছাত্রঐক্য মিছিল বের করে। পুলিশ ও বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, মিছিলটি ভিসি অফিসের সামনে এলে মিছিলকারীরা ভিসির অফিসে ঢোকার চেষ্টা চালায়। এ সময় দুজন সহকারী প্রোক্টর ড. শফিকুর রহমান ও ড. আলী আশরাফ ছাত্রঐক্য কর্মীদের বাধা দেন। এ সময় ছাত্রঐক্য কর্মীরা সহকারী প্রোক্টরদ্বয়কে ধাক্কা দেয় এবং প্রহার করে বলে জানা যায়। লাঞ্ছিত প্রোক্টরদ্বয় উপস্থিত পুলিশকে ছাত্রঐক্যের কর্মীদের গ্রেপ্তারের নির্দেশ দিলে পুলিশ এলোপাতাড়ি লাঠিচার্জ শুরু করে।

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

## চ.বি.তে ছাত্রঐক্য

● প্রথম পাতার পর

বিক্ষোভকারীরাও এ সময় পুলিশকে ইটপাটকেল নিক্ষেপ করে। প্রায় আধা ঘন্টা এ সংঘর্ষ চলে। পুলিশের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, সংঘর্ষের সময় বিক্ষুব্ধ ছাত্রঐক্যের কর্মীরা পুলিশের কাছ থেকে রাইফেল ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেছিল। অবশ্য ছাত্রঐক্য এ অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে। এ ঘটনায় গুরুতর আহত রিটু ও মহিকে চট্টগ্রাম মেডিক্যালে ভর্তি করা হয়েছে। এছাড়া আহত ছাত্রী লুবনা, রিমু, পপি, ছাত্র সবুজ ও রিপায়ন এবং পুলিশের সহকারী দারোগা এনাম ও কনস্টেবল সালেহকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। ছাত্রঐক্যের পক্ষ থেকে বলা হয়, গণতান্ত্রিক দিবস উপলক্ষে ছাত্রঐক্য মিছিল বের করলে পুলিশ বিনা উস্কানিতে মিছিলটির ওপর লাঠিচার্জ করে। পুলিশ জানায়, ছাত্রদের হামলার ব্যাপারে হাটহাজারী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

এদিকে ছাত্রঐক্যের মিছিলে পুলিশি হামলার প্রতিবাদে গতকাল দুপুরে চ.বি. ক্যাম্পাসে ছাত্র ইউনিয়ন নেতা আব্দুল্লাহ আল-মামুন তিতাসের সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা বলেন, ক্যাম্পাসে মিছিলে বাধা দেওয়ার মধ্য দিয়ে প্রশাসন ক্যাম্পাসে মৌলবাদী শক্তিকে প্রতিষ্ঠিত করছে। সমাবেশে খোকন দাস, আবু সাঈদ সোহেল, রিপায়ন বড়ুয়া প্রমুখ বক্তব্য রাখেন। এছাড়া কমিউনিস্ট পার্টি এবং বাম গণতান্ত্রিক ফ্রন্ট নেতৃবৃন্দ এক বিবৃতিতে ছাত্রঐক্যের মিছিলে পুলিশি হামলার তীব্র নিন্দা জানায়।